বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯
ই-মেইল dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২২-২৩/ ২৯৬৭(১২৫০) তারিখঃ ১৪/০৬/২০২৩

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক ( মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহনের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র ব্যাংকের সিএমএসএমই এর আওতায় নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৭৫০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়। অত্র বিভাগের পত্র নং-৭(৯)/ ২০২২-২০২৩/৫৬৫(১২৫০), তারিখ ঃ ৩০/০৮/২০২২ মূলে বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩১/০৫/২০২৩ তারিখ ভিত্তিক সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | নারী উদ্যোক্তাদের জন্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | বিতরণের অর্জন | অর্জনের শতকরা হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ১৯২.০০ | ২২.৬১ | ১১.৭৮% | হতাশাব্যঞ্জক |
| ২ | ময়মনসিংহ | ৭৭.২৫ | ২২.৩৪ | ২৮.৯২% | হতাশাব্যঞ্জক |
| ৩ | চট্টগ্রাম | ৭০.৫০ | ৮.২৯ | ১১.৭৬% | হতাশাব্যঞ্জক |
| ৪ | খুলনা | ৮৬.২৫ | ৭.৩২ | ৮.৪৯% | হতাশাব্যঞ্জক |
| ৫ | বরিশাল | ২১.০০ | ৬.১২ | ২৯.১৪% | হতাশাব্যঞ্জক |
| ৬ | সিলেট | ৪৪.২৫ | ৭.৩৫ | ১৬.৬১% | হতাশাব্যঞ্জক |
| ৭ | কুমিল্লা | ১১১.০০ | ৫.৩৪ | ৪.৮১% | হতাশাব্যঞ্জক |
| ৮ | ফরিদপুর | ৭৮.৭৫ | ৫.৪৬ | ৬.৯৩% | হতাশাব্যঞ্জক |
| ৯ | কুষ্টিয়া | ৫৪.০০ | ১৮.১৬ | ৩৩.৬৩% | হতাশাব্যঞ্জক |
| ১০ | এলপিও | ১৫.০০ | ০ | ০.০০% | হতাশাব্যঞ্জক |
| সর্বমোট= | | ৭৫০.০০ | ১০২.৯৯ | ১৩.৭৩% | |

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, সকল বিভাগীয় কার্যালয়ের সিএমএসএমই'র আওতায় নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণের অর্জন হতাশাব্যঞ্জক। স্থানীয় মুখ্য কার্যালয় এ খাতে কোন ঋণ বিতরণ করতে সক্ষম হয়নি।

০৩। প্রতিবছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরে অর্থ মন্ত্রনালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। নারী উদ্যোক্তা খাতে অর্থায়ন উক্ত চুক্তির একটি গুরুত্বপূর্ণ সূচক, যা ব্যাংকের ভাবমূর্তি উন্নয়নে ভূমিকা রাখে। সে লক্ষ্যে সিএমএসএমই খাতে অর্থায়নের পাশাপাশি নারী উদ্যোক্তা খাতে অর্থায়নের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে অত্র বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনাসমূহ অনুসরণ পূর্বক নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতঃ আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

বিষয় ঃ ২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২২-২০২৩/ ২৯৬৭(১১৫০) তারিখঃ ১৪/০৬/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
১৪/০৬/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক